**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 12-03-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) বিদ্যালয় শিক্ষা দপ্তরে বিদ্যাজ্যোতি স্কুলগুলির জন্য কম্পিউটার সায়েন্সে পোস্ট গ্র্যাজুয়েট পদে ১১৮ জন শিক্ষক নিয়োগের সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার ।**

**(২) বর্তমানে রাজ্যের ৫টি জেলায় যক্ষা নির্মূলিকরনের লক্ষ্যে ১০০ দিনের বিশেষ অভিযান চলছে |**

**(৩) রাজ্যের বিভিন্ন স্থানে আজ আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষ্যে অনুষ্ঠানের আয়োজন করা হয় |**

**(৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ মরিশাসের চ্যাম্প ডি মার্সে মরিশাসের জাতীয় দিবস উদযাপন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে যোগ দেন।**

********************************************

**Cabinet Decision :**

বিদ্যালয় শিক্ষা দপ্তরে বিদ্যাজ্যোতি স্কুলগুলির জন্য কম্পিউটার সায়েন্সে পোস্ট গ্র্যাজুয়েট পদে ১১৮ জন শিক্ষক নিয়োগের সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার। গত সোমবার রাজ্য মন্ত্রিসভার বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আজ মহাকরনে সাংবাদিক সম্মেলনে খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী এই সংবাদ জানান। তিনি জানান, জেআরবিটি-র মাধ্যমে খাদ্যদপ্তরে ষ্টোরগার্ডের ৩৫টি পুরন করা হবে।

***************************

**100 Days stop TB :**

রাজ্যের ৫টি জেলায় গত ৭ই ডিসেম্বর থেকে যক্ষা নির্মূলিকরনের লক্ষ্যে ১০০ দিনের বিশেষ অভিযান চলছে। এই জেলাগুলি হল উত্তর ত্রিপুরা, ঊনকোটি, সিপাহীজলা, গোমতী ও দক্ষিণ ত্রিপুরা। জাতীয় যক্ষ্মা নির্মুলিকরণ করমসুচির রাজ্য প্রধান আধিকারিক ও স্টেট্ এনএইচএম এর সদস্য-সচিব ডা: নূপুর দেববর্মা আকাশবাণীর প্রতিনিধিকে জানান, সমীক্ষায় দেখা গেছে এই পাঁচটি জেলায় যক্ষ্মা রোগে আক্রান্ত হয়ে প্রতি ১ লক্ষে ছয় জনের মৃত্যু হয়। তবে প্রতি লক্ষে তিনজনের বেশি মৃত্যুর ঘটনা যাতে না ঘটে সে বিষয়ে কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রকের নির্দেশি রয়েছে। ডা: দেববর্মা জানান, চলতি বছরে ১১ মার্চ পর্যন্ত তথ্য অনুযায়ী রাজ্যে ১ হাজার ৬৬১ জন টিবি রোগীর চিকিৎসা চলছে। এই সমস্ত রোগীরা সম্পূর্ণ বিনামূল্য রোগ নির্ণয় ঔষধ ও চিকিৎসা পরিষেবা পাচ্ছেন। তিনি আরো জানান, গত বছরগুলির তুলনায় এবছর রাজ্যে টিবি রোগের সংখ্যা অনেকটাই কমেছে। তিনি জানান, টিবি রোগীদের চিকিৎসাকালীন সময়ে পুষ্টিকর খাদ্যের জন্য প্রতিমাসে অর্থ বরাদ্দ ৫০০ টাকা থেকে বাড়িয়ে এক হাজার টাকা করা হয়েছে।

#####Byte-Dr Nupur Debbarma######

******************************

**TRLM :**

রাজ্যের বিভিন্ন স্থানে আজ আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষ্যে অনুষ্ঠানের আয়োজন করা হয়। টি আর এল এম এর উদ্যোগে পশ্চিম ত্রিপুরা জেলার স্ব সহায়ক দলের সদস্যাদের নিয়ে আজ প্রজ্ঞা ভবনে আন্তর্জাতিক নারী দিবস উদযাপন করা হয়। অনুষ্ঠানে পশ্চিম ত্রিপুরা জেলার জিলা সহ-সভাধিপতি বিশ্বজিৎ শীল, পশ্চিম জেলার অতিরিক্ত জেলাশাসক মেঘা জৈন, জিমনাস্ট পদ্মশ্রী দীপা কর্মকার, টি আর এল এম এর আধিকারিক সুচিস্মিতা রুদ্রপাল উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে বিশ্বজিৎ শীল বলেন নারীদের ক্ষমতায়ন ও স্বনির্ভর করা রাজ্য সরকারের অন্যতম লক্ষ। লাখপতি দিদি তৈরীর ক্ষেত্রে ত্রিপুরা আজ দেশের মধ্যে দৃষ্টান্ত। জিমনাস্ট পদ্মশ্রী দীপা কর্মকার মহিলাদের নিজেই পরিচয় তৈরি করার কথা বলেন।

######Byte-Dipa Karmakar######

অনুষ্ঠানের লাখপতি দিদি সহ বিভিন্ন স্ব-সহায়ক দল প্রধানদের সংবর্ধনা প্রদান করা হয়। অনুষ্ঠানে বামুটিয়া থেকে আসা স্ব-সহায়ক দলের একজন সদস্যা জুনুবালা রায় টি.আর.এল.এম-এর সহায়তায় কিভাবে লাখপতি দিদি হয়েছেন তা বিস্তারিত উল্লেখ করেন।

#######Byte- Junubala Roy######

********************************

**IWD-Unakoti :**

সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের উদ্দোগে আজ কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্রে আন্তর্জাতিক মহিলা দিবস উদযাপন উপলক্ষে এক আলোচনাসভা অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ। অনুষ্ঠানে এখানে মহিলা ক্ষমতায়ন ও বাল্যবিবাহ প্রতিরোধে শপথবাক্য পাঠ করা হয়। বক্তব্য রাখেন, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়, চন্ডীপুর পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন শম্পা দাস পাল প্রমুখ। অনুষ্ঠানে এগারো জন মহিলা'কে তাঁদের স্ব স্ব ক্ষেত্রে পারদর্শিতার জন্য পুরস্কৃত করা হয়। অনুষ্ঠিত হয় এক শোভাযাত্রাও।

*****************************

**South Tripura district level IWD :**

দক্ষিণ ত্রিপুরা জেলা প্রশাসন এবং সমাজ কল্যান ও সমাজ শিক্ষা দপ্তরের উদ্যোগে আজ বিলোনিয়ার শচীন দেববর্মন অডিটোরিয়ামে দক্ষিণ ত্রিপুরা জেলা ভিত্তিক আন্তর্জাতিক নারী দিবস উদযাপিত হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া। তিনি বলেন, নারীদের আত্মনির্ভর করতে রাজ্য সরকার আন্তরিকভাবে কাজ করছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দক্ষিণ জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত, বিলোনিয়া পুর পরিষদের চেয়ারম্যান নিখিল চন্দ্র গোপ। অনুষ্ঠানে মোট ৭৯ জন মহিলাকে তাদের কর্মদক্ষতার জন্য সংবর্ধনা জ্ঞাপন করা হয়।

****************************

**IWD-Korbook :**

গোমতি জেলার করবুক কমিউনিটি হলে আজ মহকুমা ভিত্তিক আন্তর্জাতিক নারী দিবস উদযাপন করা হয়। উদ্বোধন করেন বিধায়ক সঞ্জয় মানিক ত্রিপুরা। এই অনুষ্ঠানে নারীদের ক্ষমতায়ন নিয়ে আলোচনা করা হয়।

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**PM, Mauritius :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ মরিশাসের চ্যাম্প ডি মার্সে মরিশাসের জাতীয় দিবস উদযাপন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে যোগ দেন। অনুষ্ঠানে, মরিশাসের রাষ্ট্রপতি ধরমবীর গোখুল ভারত-মরিশাস অংশীদারিত্বে অসাধারণ অবদানের জন্য শ্রী মোদীকে গ্র্যান্ড কমান্ডার অফ দ্য অর্ডার অফ দ্য স্টার অ্যান্ড কি অফ দ্য ইন্ডিয়ান ওশেন সম্মানে ভূষিত করেন। প্রধানমন্ত্রী মোদী হলেন প্রথম ভারতীয় যিনি মরিশাসের সর্বোচ্চ অসামরিক পুরস্কার পেয়েছেন। প্রধানমন্ত্রী শ্রী

মোদী এই পুরস্কার ১৪০ কোটি ভারতীয় ও ভারত মরিশাস মৈত্রীর উদ্দেশ্যে উৎসর্গ করেন।

#######Byte-PM#######

ভারতীয় নৌবাহিনীর একটি দল মরিশাসের জাতীয় দিবস উদযাপন কুচকাওয়াজে অংশ নিয়েছিল। এর আগে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং মরিশাসের প্রধানমন্ত্রী ডঃ নবীনচন্দ্র রামগুলাম প্রতিনিধি পর্যায়ের আলোচনায় দ্বিপাক্ষিক অংশীদারিত্বের মূল ক্ষেত্রগুলি পর্যালোচনা করেন। উভয় নেতাই সম্পর্ককে একটি উন্নত কৌশলগত অংশীদারিত্বে উন্নীত করার প্রতিশ্রুতি নিশ্চিত করেন।

জাতীয় পরিষদে আয়োজিত এক অনুষ্ঠানে, শ্রী মোদী এবং শ্রী রামগুলাম ২০টি উচ্চ-প্রভাবশালী সম্প্রদায় উন্নয়ন প্রকল্প এবং একটি ভারত-সহায়তাপ্রাপ্ত এলাকা স্বাস্থ্য কেন্দ্রের উদ্বোধন করেন। এই উদ্যোগগুলি মরিশাসের স্বাস্থ্যসেবা এবং তৃণমূল পর্যায়ের পরিকাঠামোকে শক্তিশালী করবে। এছাড়াও, আজ আর্থিক অপরাধ প্রতিরোধ, ক্ষুদ্র ও মাঝারি শিল্প, জনসেবা সক্ষমতা বৃদ্ধি, সামুদ্রিক নিরাপত্তা এবং স্থানীয় মুদ্রা বাণিজ্য সহ আটটি সমঝোতা পত্র বিনিময় করা হয়েছে। সেন্ট ব্র্যান্ডন দ্বীপের একটি নেভিগেশনাল চার্টও হস্তান্তর করা হয়েছে। মরিশাসের নতুন সংসদ ভবন নির্মাণের জন্য সমর্থন ঘোষণা করে প্রধানমন্ত্রী মোদী মরিশাসের উন্নয়নের প্রতি ভারতের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেছেন। প্রধানমন্ত্রী মোদী এবং প্রধানমন্ত্রী রামগুলাম যৌথভাবে মরিশাসে অটল বিহারী বাজপেয়ী ইনস্টিটিউট অফ পাবলিক সার্ভিস অ্যান্ড ইনোভেশনের উদ্বোধন করেন।

***********************************

**Assembly :**

রাজ্য বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেনের পৌরহিত্যে আজ বিজনেস অ্যাডভাইজারি কমিটির বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকের পর পরিষদীয় মন্ত্রী রতনলাল নাথ জানান, আগামী ২১শে মার্চ থেকে রাজ্য বিধানসভার বাজেট অধিবেশন শুরু হবে। চলবে আগামী পয়লা এপ্রিল পর্যন্ত। অধিবেশনের প্রথম দিনেই অর্থাৎ ২১শে মার্চ ২০২৫-২৬ অর্থবছরের পূর্ণাঙ্গ বাজেট পেশ করা হবে।

*******************************

**Mukhamantri Samipeshu :**

মুখ্যমন্ত্রী সমীপেষু কর্মসূচির ৩৯তম পর্বে আজও মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা জনগণের সঙ্গে সাক্ষাৎ করেন। মুখ্যমন্ত্রীর সরকারি বাসভবনে আয়োজিত সাপ্তাহিক এই কর্মসূচিতে সাধারণ মানুষ চিকিৎসা, কর্মসংস্থান, জমি সহ বিভিন্ন সমস্যা নিয়ে মুখ্যমন্ত্রীর সাথে খোলামেলা আলোচনা করেন। প্রত্যেকে মুখ্যমন্ত্রীর কাছ থেকে সমস্যা সমাধানের পথ খুঁজে পেয়ে আশ্বস্ত হন।

*****************************

**Nari Samittee :**

গণতান্ত্রিক নারী সমিতির পক্ষ থেকে আজ ৬ দফা দাবির ভিত্তিতে রাজভবন অভিযান করা হয়। স্বামী বিবেকানন্দ ময়দানে জমায়েত হয়ে শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে একটি মিছিল সার্কিট হাউস এলাকায় এল, সেখান থেকে প্রাক্তন সাংসদ ঝর্না দাস বৈদ্যের নেতৃত্বে সাত জনের এক প্রতিনিধি দল রাজভবনে গিয়ে রাজ্যপালের অনুপস্থিতিতে তাঁর সচিবের হাতে ছয় দফা দাবি সম্মিলিত একটি স্মারকলিপি তুলে দেন। দাবিগুলির মধ্যে উল্লেখযোগ্য হলো রাজ্যে নারী নির্যাতন বন্ধ করা, কর্মক্ষেত্রে নারীদের সুরক্ষা, বেকারদের কর্মের সংস্থান, নিয়মিতভাবে রেগার কাজ এবং রেগা শ্রমিকদের মজুরি নির্ধারিত সময়ে প্রদান করা। সার্কিট হাউজ প্রাঙ্গনে আয়োজিত জমায়েতে সিপিআইএম রাজ্য সম্পাদক তথা বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী রাজ্য সরকারের বিভিন্ন নীতির সমালোচনা করেন। তিনি অভিযোগ করেন বর্তমানে রাজ্যে নারী নির্যাতন বাড়ছে, গ্রামগঞ্জে কাজের অভাব, শিক্ষাক্ষেত্রে অব্যবস্থা চলছে। নানা দুর্নীতির বিরুদ্ধে সরকার কোনো ব্যবস্থা নিচ্ছে না। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন নারীনেত্রী রমা দাস, কৃষ্ণা রক্ষিত, রমনী দেববর্মা ও স্বপ্না দত্ত।

*************************

**Vizzy Trophy :**

ভিজ্ঞি ট্রফি সর্বভারতীয় আন্ত: জোন মহাবিদ্যালয় ক্রিকেট প্রতিযোগিতায় আজ দুটি খেলা হয়। এতে এম বি বি স্টেডিয়ামে পশ্চিম জোন ২৩২ রানে উত্তর জোনকে এবং নরসিংগড়ের পিটিএ মাঠে দক্ষিণ জোন ৪ উইকেটে পূর্ব জোনকে পরাজিত করে।

****************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। রাজ্যের দু এক জায়গায় হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২০ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২০ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস। আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ হালকা বৃষ্টি সঙ্গে ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সর্তকতা জারি করা হয়েছে।

*******************************